# B.A. 6th Semester

## Topic: 2.4. Transfer of learning- Meaning, definition and types. Factors affecting transfer of learning.

*Md Nasiruddin Pandit*

*State Aided College Teacher (S.A.C.T.)*

*Department Of Physical Education*

*Plassey College, Plassey, Nadia*

***What is Transfer of learning/Training ?***

***শিখন সঞ্চালন কি ?***

# শিখন বা প্রশিক্ষণ সঞ্চালন (Transfer of Learning or Training):

শিক্ষার অভিধানে বলা হয়েছে, "যখন কোনো নির্দিষ্ট শিখন অভিজ্ঞতা ব্যক্তির প্রতিক্রিয়া দান সক্ষমতাকে এমন ভাবে প্রভাবিত করে যে সে পুরাতন অভিজ্ঞতার সাপেক্ষে নতুন উদ্দীপকের প্রতি প্রতিক্রিয়া করতে সক্ষম হয়। তখন বলা হয় শিখন সঞ্চালন ঘটেছে"। কোনো একটি বিষয়ের শিখন যদি পরবর্তী কোনো বিষয়ের শিখন কে প্রভাবিত করে তখন তাকে শিখনের সঞ্চালন বা Transfer of Learning বলা হয়।

## শিখন বা প্রশিক্ষণ সঞ্চালনের সংজ্ঞা :

**H.C.Ellis (1956),** ***"Transfer of learning means that experience or performance on the task influences performance on some subsequent task".***

অর্থাৎ *"শিখন সঞ্চালন বলতে বোঝায় কোন একটি কাজের অভিজ্ঞতা বা পারদর্শিতা অন্য কোন পরবর্তী কাজের পারদর্শীতাকে প্রভাবিত করে"।*

# শিখন বা প্রশিক্ষণ সঞ্চালনের সংজ্ঞা : ......

রব (1972) বলেছেন, "পূর্বের শিখন একটি পরিস্থিতি থেকে অপর পরিস্থিতিতে প্রয়োগ করার সক্ষমতা হলো শিখন সঞ্চালন। শিখন সঞ্চালন না ঘটলে মানুষের জ্ঞান ও কৌশল অর্জন সম্পূর্ণভাবে ব্যর্থ হয়"।

Mayer & Wittrock (1996), ***"Whenever something previously learned influence current learning or when solving an earlier problem affects how you solve a new problem, transfer has occurred".***

অর্থাৎ "যখন পূর্বে শেখা কোন বিষয়বস্তু সাম্প্রতিক শিখন কে প্রভাবিত করে অথবা যখন পূর্বের কোন সমস্যার সমাধান পরবর্তী নতুন কোনো সমস্যার সমাধানকে প্রভাবিত করে, তখনই সঞ্চালন সংঘটিত হয়"।

# *Types of Transfer of Learning ?*

# *শিখন সঞ্চালনের প্রকারভেদ ?*

# শিখন সঞ্চালনের প্রকারভেদ:

আধুনিক মনোবিজ্ঞানের মতে শিখন সঞ্চালন তিন প্রকার -

1. **Positive Transfer বা ধনাত্মক সঞ্চালন।**
2. **Negative Transfer বা ঋণাত্মক সঞ্চালন।**
3. **Zero/Neutral Transfer শূন্য সঞ্চালন।**

# 1. Positive Transfer বা ধনাত্মক সঞ্চালন :

এজাতীয় সঞ্চালনের ক্ষেত্রে পূর্বের অভিজ্ঞতা পরবর্তী শিখনে সাহায্য করে। এক্ষেত্রে শিক্ষার্থী তার পূর্বের অভিজ্ঞতা বা জ্ঞান, নতুন কিছু শিখনের ক্ষেত্রে ব্যবহার করে উদাহরণস্বরূপ বলা যায় যখন কোন খেলোয়াড় ব্যাডমিন্টন খেলা শেখে তখন স্কোয়াশ খেলা শিখতে তার **সুবিধা** হয় কারণ দুটি খেলাই র‍্যাকেট দিয়ে খেলা হয়।

একককথায় বলাযায়- কোনো বিষয়ের শিখন পরবর্তী বিষয়ের শিখন কে প্রাভাবিত বা তরান্বিত করলে তাকে বলা হয় ধনাত্বক সঞ্চালন।

## 2. Negative Transfer বা ঋণাত্মক সঞ্চালন

ধনাত্মক শিখন সঞ্চালনের বিপরীত হলো ঋণাত্মক শিখন সঞ্চালন যখন পূর্বের কোনো শিখন অভিজ্ঞতা পরবর্তী শিখনে বাধা দান করে তাকে বলা হয় ঋণাত্মক শিখন সঞ্চালন। উদাহরণস্বরূপ বলা যায় কোন টেবিল টেনিস খেলোয়াড় যখন লন টেনিস খেলতে যায় তখন তার প্রকৌশল শিখনে খুব অসুবিধা হয় কারণ টেবিল-টেনিস খেলা হয় কব্জির মোচড়ে অপরদিকে লন-টেনিস খেলা হয় সমগ্র হাতের জোরে এক্ষেত্রে কব্জির মোচড় এড়িয়ে চলা হয়।

## 3. Zero/Neutral Transfer শূন্য সঞ্চালন:

যখন নতুন শিখন পরিস্থিতি পূর্বের শিখন পরিস্থিতির সাথে সম্পূর্ণ ভিন্ন হয় তখন ধনাত্মক বা ঋণাত্মক কোন প্রকার সঞ্চালনই হয় না একে বলে শূন্য সঞ্চালন। অর্থাৎ, পূর্বের অভিজ্ঞতা কোন ভাবেই পরবর্তী শিখন অভিজ্ঞতা অর্জনকে প্রভাবিত করে না আবার বাধা দানও করে না। উদাহরণ স্বরূপ বলা যায় সাঁতারের কৌশল শিখন কোন ভাবে টেনিস খেলার কৌশল শিখনকে প্রভাবিত করে না।

# ধন্যবাদ